

যথা ছিল হীরামন সেইখানে যায়।
 রঙ্গলখানা ধরি হীরামনকে দেখায়।।
 এর এক বার রঙ্গল উর্কেতে ফেলায়।
 ফেলাইয়া শূন্য হ'তে পুনঃ ধরি লয়।।
 লোফালুফী করে রঙ্গল হীরামন আগে।
 দর্প করি হীরামনে কহে রাগে রাগে।।
 'হারে রে পাগলা কেন কর পাগলাই।
 তোরে সারিবারে এল লক্ষ্মীকাল সাঁই।।
 রঙ্গলাঘাতে করিব রে পাগলামী দূর।
 দেখিব কেমন দুই পাইলি ঠাকুর।।
 মম বাক্য না রাখি করিস্ বাড়াবাড়ি।
 পাগলামী করিলে মারিব রঙ্গলের বাড়ি।।
 সারিবি কিনা সারিবি বল্বে এখন।
 শুনিবি কিনা শুনিবি আমার বচন।।'
 দুঃপাত তা'তে নাহি করে হীরামন।
 বুকে বুকে করে হরিনাম সংকীৰ্ত্তন।।
 প্রেমোন্মত্ত হীরামন উঠিয়া দাঁড়ায়।
 ফকিরের পানে হীরা ফিরে ফিরে চায়।।
 ফকির কহিছে 'তুই আয় হীরামন।
 বাহিরে আসিয়া বাছা লহরে আসন।।
 তাহা শুনি হীরামন উঠিয়া দাঁড়ায়।
 আসন পাতিয়া এসে বসিল তথায়।।
 ফকির তখন রঙ্গল হস্তেতে করিয়া।
 মাটিতে আঘাত করে 'হক আল্লা' বলিয়া।।
 পুনঃ পুনঃ করে রঙ্গল মাটিতে আঘাত।
 হীরামন তাঁ'তে নাহি করে দৃষ্টিপাত।।
 ফকির বলেন 'তুই এসেছিস্ কে রে।
 হকের বাজারে মোরে পরিচয় দে' রে।।'
 কথা শুনি হীরামন চাহে এক দৃষ্টে।
 ফকির রঙ্গলের বাড়ী মারে তার পৃষ্ঠে।।
 তাহাতে হীরামন কিছুই না বলে।
 পুনশ্চ আঘাত করে বাহু সন্ধি-মূলে।।

তাহাতেও হীরামন মৃদু মৃদু হাসে।
 স্থির হ'য়ে থাকে সাধু আসনেতে বসে।।
 ফকির সে হীরামনে 'ওঠ ওঠ' কয়।
 অমনি সে হীরামন উঠিয়া দাঁড়ায়।।
 ফকির যখন বলে 'বয়' 'বয়' 'বয়'।
 হীরামন আসনে বসেন সে সময়।।
 ফকির বলেন তবে সব্বারে ডাকিয়া।
 'দেখ সব্বে গেছে এর পাগল সারিয়া।।
 যাহা কহি তাহা করে ব্যাধিমুক্ত হ'ল।
 বিদায় করহ মোরে বিপদ ঘুচিল।।'
 তা শুনে চৈতন্য বালা ফকিরকে কয়।
 "অদ্য থাক কল্য মোরা করিব বিদায়।।
 সংসারের কার্যে হীরে করিবে যখন।
 তোমাকে বিদায় মোরা করিব তখন।।"
 ফকির বলিল 'হীরে দণ্ডবৎ কর।
 আসন ছাড়িয়া বাছা উঠে যা রে ঘর।।'
 পরদিন ফকিরকে বলে সব্ব বালা।
 'পাগল সেরেছে নাকি দেখ লক্ষ্মীকাল।।
 হীরামনে ডাক দিয়া আনহ প্রত্যক্ষে।
 আরোগ্য হ'য়েছে কিনা দেখহ পরীক্ষে।।
 হীরামনে ডাক দিয়া তখনে আনিল।
 আসন উপরে হীরামন 'বার' দিল।।
 ফকির বলেছে বাছা 'কহ শুনি কথা'।
 হেট মুণ্ডে রহে সাধু নাহি তুলে মাথা।।
 মাথা নাহি তুলে সাধু শ্বাস ছাড়ে দীর্ঘ।
 সব্ব বলে 'কই হ'ল রোগের আরোগ্য।।'
 রংঘিয়া উঠিল তবে ফকির বর্বর।
 বড়সী পোড়ায় ধরে গ্রীবার উপর।।
 'সারিয়া না সারিস্ করিস্ অপযশ।'
 এরদেপে যাতনা দেয় সপ্ত দিবস।।
 ফকিরকে কহে সব্ব 'যদি নাহি পার।
 তবে আর কেন মিছে পরিশ্রম কর।।'